গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৫৩.২৬. ৯৭৯

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগস্ট ২০২৬

বিষয়: জনাব মোঃ লিয়াকত আলী, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, পাবনা সদর, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ৯৬/২০২৬ তারিখ ০৬/০৮/২০২৬)।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ লিয়াকত আলী, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, পাবনা সদর, পাবনা কর্তৃক ভূয়া প্রকল্প দেখিয়ে ০১/০৪/২০২১ থেকে ১৩/০৬/২০২৪ তারিখ পর্যন্ত আরএসএস খাতের সর্বমোট ৮,৭৫,০০০/- (আট লক্ষ পঁচাত্তর হাজার) টাকা আত্মসাৎ করেন। তন্মধ্যে ২৯/১২/২০২৫ থেকে ১৫/০২/২০২৬ তারিখ পর্যন্ত ৫,৯৩,৮৩৫/- (পাঁচ লক্ষ তিরানব্বই হাজার আটশত পঁয়ত্রিশ) টাকা সংশ্লিষ্ট ব্যাংকে জমা প্রদান করেন। এখনো আপনার নিকট ২,৮১,১৬৫/- (দুই লক্ষ একাশি হাজার একশত পঁয়ষট্টি) টাকা আত্মসাৎ রয়েছে;

যেহেতু, আপনার বিরুদ্ধে উল্লিখিত অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (কার্যক্রম), কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা ১১/০৬/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০০০.০৪২.২৭.০০০১.২৫.১৩১ সংখ্যক ইউ ও নোট মূলে অনুরোধ করেন;

যেহেতু, আপনি বিধি বহির্ভূতভাবে পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম বাস্তবায়ন নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ না এমন কাজ করে আপনার দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ লিয়াকত আলী কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

০৬/০৮/২৬

**(মোঃ সাইফুল ইসলাম)**
**উপসচিব**
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ লিয়াকত আলী
ইউনিয়ন সমাজকর্মী
উপজেলা সমাজসেবা কার্যালয়
পাবনা সদর, পাবনা।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৫৩.২৬. ৯৭৭ (১২)

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সদর কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পাবনা।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পাবনা।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, পাবনা সদর, পাবনা।

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২৫৫০০৭৩৭০

অভিযোগ বিবরণী

জনাব মোঃ লিয়াকত আলী, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, পাবনা সদর, পাবনা কর্তৃক ভূয়া প্রকল্প দেখিয়ে ০১/০৪/২০২১ থেকে ১৩/০৬/২০২৪ তারিখ পর্যন্ত আরএসএস খাতের সর্বমোট ৮,৭৫,০০০/- (আট লক্ষ পঁচাত্তর হাজার) টাকা আত্মসাৎ করেন। তন্মধ্যে ২৯/১২/২০২৫ থেকে ১৫/০২/২০২৬ তারিখ পর্যন্ত ৫,৯৩,৮৩৫/- (পাঁচ লক্ষ তিরানব্বই হাজার আটশত পঁয়ত্রিশ) টাকা সংশ্লিষ্ট ব্যাংকে জমা প্রদান করেন। এখনো তার নিকট ২,৮১,১৬৫/- (দুই লক্ষ একাশি হাজার একশত পঁয়ষট্টি) টাকা আত্মসাৎ রয়েছে।

তিনি বিধি বহির্ভূতভাবে পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম বাস্তবায়ন নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ না এমন কাজ করে তার দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

০৬/০৪/২৬

(মোঃ সাইফুল ইসলাম)
**উপসচিব**
পরিচালক (প্রশাসন ও অর্থ)